

[BlackHash.weebly.com](http://BlackHash.weebly.com)

# হাসির রাজা গোপালভার কালেকশন-১

## গুল

অনেক রকম স্বভাবের লোক আছে দেশে বিদেশে। একজন লোকের স্বভাব ছিল খালি গুল মারা।

সে একদিন গোপালকে বলল, গোপাল, আজ পুকুর থেকে যা একটা রুই মাছ ধরেছি না তোমাকে হাত দিয়ে দেখিয়ে বোঝানো যাবে না।

গোপালভাঁড় লোকটাকে খুব ভালই চিনত তাই আর কিছু না বলে শুধু একটু মুচকি হাসল।

গোপালকে হাসতে দেখে লোকটা বলল, আমার কথা বিশ্বাস করলে না তো!!

গোপাল বলল, আপনি যখন বলেছেন তখন কি আর অবিশ্বাস করতে পারি! বরং নিজে চোখে দেখলে আমি অবিশ্বাস করতাম।

## দূরস্থ কতটুকু?

একদিন রাজা কৃষ্ণচন্দ্রের সাথে গোপালের কোনো বিষয় নিয়ে তুমুল বিতণ্ডা লেগেছে।

তর্কাতর্কির এক পর্যায়ে রাজা রেগে গোপালকে বলেন, ‘গোপাল তোমার বাড়ি ইদানিং বন্ধ বেড়েছে। মুখে মুখে যে তর্ক করছো, আমার সাথে তোমার দূরত্ব কত জানো?’

গোপাল চটপট উঠে দাঁড়িয়ে সিংহাসন থেকে নিজের আসনের দূরত্ব মাপে নিয়ে বলে, ‘বেশি না রাজা মশাই। মোটে সাড়ে তিন হাত!’

## চিঠি লিখতে পায়ে ব্যথা

একদিন এক প্রতিবেশী গোপাল ভাঁড়ের কাছে এসে...

‘আমাকে একটা চিঠি লিখে দাও।’

‘আমি চিঠি লিখতে পারবো না, আমার পায়ে ব্যথা।’

প্রতিবেশী আশ্চর্য হয়ে বললো, ‘চিঠি তো লিখবে হাত দিয়ে, পায়ে ব্যথা তাতে কী হয়েছে?’

‘কারণ আমি অতোদূর হেঁটে যেতে পারবো না।’

‘অতোদূর হাঁটতে পারবে না মানে?’

‘মানে আমার লেখা চিঠি আমি ছাড়া আর কেউ পড়তে পারবে না। আমার হাতের লেখা খুব খারাপ তো। যাকে চিঠি পাঠাবে, তাকে তো আমাকেই পড়ে দিয়ে আসতে হবে, তাই না? পায়ে ব্যথা নিয়ে যাবো কিভাবে?’